ছবি এডিটিং-এর কিছু ফ্রি সফটঅয়্যারের খোঁজখবর

আমরা ছবি সুন্দর করার জন্য অনেক রকম সফটঅয়্যার ব্যবহার করি। কেউ কেউ ফটোশপের সাহায্য নেয়। আমরা অনেকেই মনে করি আমাদের ছবিকে আকর্ষণীয় এবং সুন্দর করার জন্য ফটোশপ-এর বিকল্প নেই। কিন্তু ফটোশপ ব্যবহার না করেও ছবিকে আকর্ষণীয় করা যায়। এজন্য প্রয়োজন হবে সহজ ও ছোট কিছু সফটঅয়্যার। সেরকমই কিছু ছবি এডিটিং সফটঅয়্যার নিয়েই সি নিউজের এবারের খোঁজখবর। আশা করি সফটঅয়্যারগুলো ব্যবহার করার পর বুঝতে পারবেন এগুলো ব্যবহার করা কতটা সহজ। এর জন্য কোনো প্রশিক্ষণ বা বেশি সময় ধরে ঘাঁটাঘাঁটি করারও প্রয়োজন নেই। মাত্র ৫ মিনিটেরও কম সময় নাড়াচাড়া করলেই চলে। ইন্টারনেট থেকে ছবি এডিটিং এর বেশ কিছু সফটঅয়্যার নিয়ে খোঁজখবর করেছেন **মনিরুল হক ফিরোজ**।

ফেস স্মুথার: ঝকঝক তকতক করে ফেলুন ছবি

আমরা ছবি সুন্দর করার জন্য অনেক রকম সফটঅয়্যার ব্যবহার করে থাকি। তবে Face Smoother 2.51 সফটঅয়্যারটির মাধ্যমে খুব সহজেই ছবি কে smooth বা শার্প করা যাবে। ফলে ছবি হয়ে উঠবে আরো আকর্ষণীয়।

ফেস স্মুথার সফটঅয়্যার ব্যবহৃত ছবি:

সফটঅয়্যারটির ব্যবহার খুবই সহজ। প্রথমে ছবি ওপেন করে নিন। তারপর Smooth বা আপনার প্রয়োজনীয় বাটনে ক্লিক করে ছবিকে নিমিষেই চমৎকার করে ফেলুন। এছাড়াও ছবিকে রিসাইজ বা কালার Adjust করতে পারবেন।

মাত্র ২ মেগাবাইটের এই সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://download.cnet.com/Face-Smoother/3000-2192_4-

পিকাসা ৩: মোবাইল ক্যামেয়ায় তোলা ছবিকে উপস্থাপন করুন আরো সুন্দর করে

মোবাইল ফোনের ক্যামেরা দিয়ে তোলা লো কোয়ালিটির ছবিকে কিছুটা আকর্ষণীয় করে তুলতে সফটঅয়্যারের সাহায্য নিতে পারেন। মোবাইল ফোনের ক্যামেরায় তোলা ছবিকে ফটোশপের সাহায্যে ভাল একটা রূপ দেয়া যায়। এ ধরনের লো কোয়ালিটির ছবিকে কিছুটা ভাল লুক দিতে চাইলে ফটোশপ বা এর সমকক্ষ সফটঅয়্যার খুবই নির্ভরযোগ্য। নাই। কিন্তু অনেকেই আছেন যারা ফটোশপ ব্যবহার করতে ভয় পান। যারা ফটোশপ ব্যবহার করতে একেবারেই নারাজ তারা চাইলে গুগলের ‘পিকাসা-৩’ সফটঅয়্যারটা ব্যবহার করতে পারেন। সফটঅয়্যারটি যেমন আকারে ছোট, তেমনি অনেক ইউজার ফ্রেন্ডলি। যারা একেবারেই নতুন ছবি এডিটিং করতে চান তাদের পিকাসা-৩ সফটঅয়্যারটি কাজে লাগবে।

কোনো ছবিকে এর মাধ্যমে ওপেন করলে তিনটি অপশন দেখা যাবে: Basic Fixed, Tuning, Effects।

Basic Fixed:

এই অপশনটির আওতায় বেশ কিছু সুবিধা পাওয়া যাবে। যেমন, Crop, Straigthen, Redeye, Im Feeling Lucky, Auto Contrast, Auto Color, Retouch, Text & Fill Light.

এর মধ্যে Sraigthen অপশনটির মাধ্যমে খুব সহজে বাঁকা কোনো ছবিকে নিজের সুবিধামত সোজা করে নেয়া যাবে। I’m Feeling Lucky অপশনটির দ্বারা কোনো ছবিকে এক ক্লিকে অ্যাডজাস্ট করা যাবে। অর্থাৎ যখন এই অপশনটিতে ক্লিক করা হবে তখন ছবির কালার, কনট্রাস্ট, ব্রাইটনেস সব স্বয়ংক্রিয়ভাবে ঠিক হয়ে যাবে।

Tuning:

এখানেও ছবি টিউন করার বেশ কিছু সুবিধা রয়েছে। যেমন: Fill light, Highlighuts, Shadows, Ges Color Temparature।

Effects:

এটি সবারই খুব প্রিয় একটা অপশন। কারণ এর মাধ্যমে ছবিতে বিভিন্ন ইফেক্ট যোগ করে ভিন্ন ভাবে প্রকাশ করা যায়। এখানে যে ইফেক্টগুলো রয়েছে সেগুলো হচ্ছে: Sharpen, Sapia, B & W, Warmify, Film Grain, Tint, Saturation, Soft Focus, Glow, Filtered B&W, Focal B&W, Ges Graduated Tint।

সফটঅয়্যারটি ডাউনলোড ঠিকানা: http://www.filehippo.com/download_picasa/download/269a23c6edcf214d90d3ef854160e322/

এসডব্লুএফ টেক্স: যেকোনো ফরম্যাটের ছবিকে flash আকারে রূপান্তর

যে কোনো ফরম্যাটের ছবিকে flash-এ রূপান্তর করার অসাধারণ একটি সফটঅয়্যার হচ্ছে swf text। এটা দিয়ে যে কোনো ফরম্যাটের ছবিকে বিভিন্ন effect-এর মাধ্যমে flash এ রূপান্তর করা যাবে নিমিষেই। মাত্র ২.২৬ মেগাবাইটের এই সফটঅয়্যারটি ডাউনলোড করে নিন www.mediafire.com/?txqx0zgwdgt ঠিকানার সাইট থেকে।



ইজি ইমেজ মোডিফায়ার: দ্রুত যে কোনো ফরম্যাটের ছবিকে ইচ্ছেমত আকার দিন

মাত্র ২১২ কিলোবাইট সাইজের EasyImageModifier নামক সফটঅয়্যারটির মাধ্যমে বিদ্যুৎ গতিতে যে কোনো ফরম্যাটের ছবিকে আপনার ইচ্ছেমত আকার দিতে পারবেন।

সফটঅয়্যারটির ব্যবহার খুবই

সহজ। শুধু এই SETTINGS টা করুন: Settings > Additional settings > resize proportionaiiy-এ টিক দিন এবং Ok দিন। ডাবল ক্লিক করে সফটঅয়্যারটি খুলুন পছন্দের ছবি টেনে ছাড়ুন। পছন্দের সাইজ সিলেক্ট করুন Box-এ ক্লিক করুন, ছবিটা কমান্ড দেয়া সাইজ মত কনভার্ট হয়ে যাবে। সবচেয়ে উলে-খযোগ্য দিক হচ্ছে, ছবির রেজল্যুশন-এর কোনো পরিবর্তন হবে না। ডাউনলোড ঠিকানা: www.brothersoft.com/easy-image-modifier-204041.html

ম্যাজিক ফটো এডিটর: ছবিকে সাজিয়ে নিন মনের মত করে

পছন্দের ছবিকে মনের মত করে সাজানোর অসাধারণ একটি সফটঅয়্যার হচ্ছে Magic photo editor। মাত্র ৪ মেগাবাইটের এই সফটঅয়্যারটির মাধ্যমে ছবিকে করে তুলুন আরো আকর্ষণীয়, ঠিক আপনার ইচ্ছেমত। সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://download.cnet.com/Magic-Photo-Editor/3000-2192_4-10522282.html

স্কোয়ল্জি ওয়াটার: ছবিতে ওয়াটার রিফ্লেকশন ব্যবহার করে অ্যানিমেটেড ছবি তৈরি

যারা নিজের ছবিকে এনিমেটেড করতে চান তাদের জন্য সহজ এবং আদর্শ একটি সফটঅয়্যার Sqirlz Water।

ছোট এই সফটঅয়্যারটি দ্বারা পছন্দের যে কোনো ছবিতে ওয়াটার রিফেকলেশন ব্যবহার করে gif অ্যানিমেটেড ছবি বানানো যায়। এছাড়া অন্যান্য ফরম্যাটের এডিটিং করার পর কম্পিউটারে সংরক্ষণ করা যাবে।

সফটঅয়্যারটি www.snapfiles.com/get/sqirlzwater.html ঠিকানার সাইট থেকে ডাউনলোড করে নিন।

ছবি এডিট করার জন্য Reflet.exe অ্যাপি-কেশনটি চালু করুন।



১. সফটঅয়্যারটি চালু হবার পর open-এ ক্লিক করে ইচ্ছেমত একটি ছবি আপলোড করুন।

২. তারপর Animation-এ ক্লিক করার পর ছবিটির প্রিভিউ দেখতে পাবেন। ইচ্ছে করলে রেজল্যুশন ইত্যাদি এডিট করা যাবে।

৩. সর্বশেষে Export-এ ক্লিক করে ফরম্যাট নির্বাচন করে ছবিটি কম্পিউটারে সেভ করুন।

ড্রিমলাইট ফটো এডিটর: কল্পনার চেয়েও বেশি রং দিন ছবিতে

এই সফটঅয়্যারটির মাধ্যমে খুব সহজেই ছবিতে অসাধারণ সব ইফেক্ট দিতে পারবেন - যা কল্পনাকেও হার মানায়। আর এর সঙ্গে মিল রেখেই সফটঅয়্যারের নাম রাখা হয়েছে DreamLight Photo Editor। এতে ১২৫-টির ওপর ইফেক্ট আছে। তবে এর চাইতেও বেশি ইফেক্ট দেয়া যাবে। যেমন, প্রথমে একটা ইফেক্ট দিলেন তারপর সেখানে আরেকটা ইফেক্ট দিলেন। এভাবে হাজারের বেশি ইফেক্ট দেয়া যাবে।

যেসব ইফেক্ট দিতে পারবেন:

* Preset filter (10 effects). * Pencil drawing filter (10 effects). * Light filter (10 effects). * Amazing filter (10 effects). * Dream filter (10 effects). * Weather filter (10 effects). * Star filter (10 effects). * Art filter (8 effects). * Gradient filter (10 effects). * Color filter (10 effects). * Texture filter (10 effects). * Edge filter (20 effects)

সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://download.cnet.com/DreamLight-Photo-Editor/3000-2192_4-10595126.html

ফেস-অফ ম্যাক্স: একজনের মাথা কেটে আরেকজনের মাথায় লাগান

Face Off Max নামের সফটঅয়্যারের মাধ্যমে খুব সহজেই এক ছবির মাথা কেটে আরেক ছবির মাথায় জোড়া লাগানো যায়। ব্যবহার খুবই সহজ। শুধু ছবি যোগ করে Next করে করে কাজ শেষ করুন। শুধু ছবির মাথাই না সাথে টেক্সট এবং Balloon ও যোগ করতে পারবেন। সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://www.fileguru.com/Face-Off-Max/info

Full Version যেভাবে করবেন:

প্রথমে আনজিপ করে নিন। তারপর ক্র্যাক ফাইলটি ইনস্টল ফোল্ডারে রিপে-স করুন। এখন ইন্টারনেট কানেকশন ডিজঅ্যাবল করুন। Keygen ফাইলটি ওপেন করে Generate বাটনে ক্লিক করুন। Sn-এ যেটা পাবেন তা ঐ সফটঅয়্যারের রেজিস্ট্রেশন ফর্মে পেস্ট করুন। তারপর একটি কোড পাবেন যা Keygen ফাইলের Code নামের বক্সে পেস্ট করুন। আবার Generate বাটনে ক্লিক করুন। এখন যে Unlock code পাবেন তা আগের রেজিস্ট্রেশন

ফর্মে পেস্ট করে দিন।

যদি আরো টেম্পলেট দরকার পড়ে তাহলে সেগুলো www.faceoffmax.com/templates.html?PID=FOM থেকে ডাউনলোড করে নিন।

ফটো শাইন: ছবিকে আরো আকর্ষণীয় করে তুলুন

ছবিকে আকর্ষণীয় করে তোলার চমৎকার একটি সফটঅয়্যার হচ্ছে Photo shine। এতে ৯টি টুল রয়েছে। ব্যবহার না করলে বোঝাই যাবে না কত সুন্দর সুন্দর ইফেক্ট আপনি আপনার ছবিতে ব্যবহার করতে পারবেন। সফটঅয়্যারটি ২৯ মেগাবাইটের। ডাউনলোড ঠিকানা: http://www.brothersoft.com/photoshine-211203.html

টুইস্টেড ব্রাশ প্রো স্টুডিও: সহজেই করুন আর্ট

আর্ট প্রেমীদের জন্য অসাধারণ একটি সফটঅয়্যার হচ্ছে Twisted Brush Pro Studio v 17.00। এই সফটঅয়্যারটির মাধ্যমে মোটামুটি আর্ট শিখা সম্ভব। এটি দিয়ে ডিজিটাল যুগে ডিজিটালভাবে আর্ট করা সম্ভব। তবে যাদের আর্ট সম্বন্ধে বিন্দুমাত্র ধারণা নাই বা আর্ট করতে জানেন না তারাও কম্পিউটারে থাকা পছন্দের যে কোনো ছবিকে সফটঅয়্যারটিতে দেয়া বিভিন্ন effect-এর মাধ্যমে hand painted art work হিসেবে একজন শিল্পীর মত উপস্থাপন করতে পারবেন। এতে দারুণ একটি user guide আছে যাতে প্রতিটি ধাপ খুব সুন্দরভাবে দেওয়া আছে। ১৭ মেগাবাইটের এই সফটঅয়্যারটি ডাউনলোড করুন www.pixarra.com/downloads/tbrusha.exe থেকে।

সফটঅয়্যারটিতে natural me art tool ফিচার রয়েছে যেমন: oils, acrylics, pastel, charcoal ইত্যাদি। ৫০০০ brush effect আছে এবং এই brush effect-গুলো বিস্মিত হওয়ার মত। এছাড়াও photoshop এর মত একই রকম

অনেক ফিচার যুক্ত রয়েছে, layers, realistic media, photo cloning, tracing, masks, particles, filters ইত্যাদি। রয়েছে আপনি যা কাজ করছেন তা record করার সুবিধা। সফটঅয়্যারটি দিয়ে আঁকা ছবি:



অ্যাশ্যাম্পু ফটো অপটিমাইজার: ঘোলা ছবি নিমেষেই পরিষ্কার করুন

আমরা প্রয়োজনে বা অপ্রয়োজনে অনেক ছবি তুলে থাকি। অনেক সময় দেখা যায় ছবি ঘোলা আসে বা মোবাইলে ছবি তোলার কারণে ছবিটা অত পরিষ্কার না। এই ঘোলা ছবিকে অপটিমাইজ করে পরিষ্কার ও আরো আকর্ষণীয় করে তুলতে পারেন Ashampoo Photo Optimizer নামের একটি ছোট সফটঅয়্যার দিয়ে। অন্ধকারে তোলা ছবিও পরিষ্কার করতে পারবেন এটি ব্যবহার করে। ব্যবহারও খুব সহজ। ৩.৫ মেগাবাইটের এই সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://www2.ashampoo.com/webcache/html/1/product_2_0057___USD.htm

পাসপোর্ট ফটো স্টুডিও: মাত্র কয়েক ক্লিকেই তৈরি করুন Passport Size ছবি

অনেক সময় জরুরী ভিত্তিতে Passport Size ছবি তোলার প্রয়োজন হয়। তখন হয়ত স্টুডিও বন্ধ থাকে অথবা যথেষ্ট সময় থাকে না।

Passport Photo Studio সফটঅয়্যারটির সাহায্যে খুব সহজেই বাসায় বসে পাসপোর্ট সাইজ ছবি তৈরি করে প্রিন্ট করে নিতে পারেন। প্রথমে ডিজিটাল ক্যামেরা অথবা ওয়েবক্যাম দিয়ে আপনার ছবি তুলুন। ছবির ব্যাকগ্রাউন্ড সাদা হলে ভাল, নাহলে হালকা রঙের হলেও চলবে। ছবি তোলা হয়ে গেলে কম্পিউটারে ইমপোর্ট করুন। তারপর Passport Photo Studio সফটঅয়্যার ওপেন করে আপনার ছবি ড্র্যাগ করে সফটঅয়্যারের ওপর ছেড়ে দিন। এখন মাউস দিয়ে ছবিটি মাপমত বসিয়ে সেভ করে নিন।



ব্যাস, তৈরি হয়ে গেল আপনার পাসপোর্ট সাইজ ছবি। এখন ফটো প্রিন্টারের মাধ্যমে ছবিটি প্রিন্ট করে নিন অথবা পেনড্রাইভে করে স্টুডিও থেকে প্রিন্ট করে নিন।

সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: www.brothersoft.com/passport-photo-studio-228831.html

ব-্যাক ম্যাজিক প্রো: সাদা-কালো ছবিকে রঙিন করুন

খুব সহজে যে কোনো পুরাতন, সাদা-কালো, নষ্ট ছবিকে সহজেই রঙিন বা সুন্দর করতে পারবেন ছোট্ট একটি সফটঅয়্যার দিয়ে, যার নাম Black Magic Pro V 2.80। সফটঅয়্যারটিতে আকর্ষণীয় কিছু টুলস আছে যা দিয়ে অনেক কিছু করা যাবে ছবিতে। আমাদের দেশের অনেক স্টুডিও-তে এই সফটঅয়্যারটি দিয়ে ছবিকে রঙিন করা হয়। ডাউনলোড ঠিকানা: www.download.ir/archives/2007/08/black_magic_pro_28.php

এ এম এ স সফটঅয়্যার ফটো ইফেক্টস স্টুডি: ৫০টিরও বেশি ইফেক্ট দিয়ে ছবিকে করুন অসাধারণ

ছবি আরো বেশি আকর্ষণীয় করতে পারেন AMS Software Photo Effects Studio v2.55 নামের সফটঅয়্যারটি দিয়ে। মাত্র ১৬.৪১ মেগাবাইটের এই সফটঅয়্যারটি দিয়ে খুব সহজেই ছবিকে অসাধারণ আকর্ষণীয় করে তুলতে পারবেন।

সফটঅয়্যারটিতে যেসব সুবিধা রয়েছে তা হচ্ছে: * intuitively clear user interface. *

Processing and scenery of photos. * More than 50 built in standard and original effects. * Change of the size, brightness, contrast, a saturation, colors, etc. * Imposing various ????? in a photo, including traditional and original. * the Instant preview of effect before its application. * the Press of ready images on the printer.

ডাউনলোড ঠিকানা: www.dl4all.com/software/140515-ams-software-photo-effects-studio-v255.html

নেচার ইল্যুশন স্টুডিও প্রফেশনাল: জীবন্ত করে ফেলুন স্থিরচিত্রকে

এখন যে সফটওয়্যারের কথা জানাব তার নাম Nature Illusion Studio Professional v3.12 যার আকার মাত্র 4.45MB। সঙ্গে Full version করার জন্য সিরিয়াল কী-তো থাকছেই। স্থির ছবিকে শব্দসহ জীবন্ত করে ফেলতে পারবেন Nature Illusion Studio Professional v3.12 সফটঅয়্যারটির মাধ্যমে। যেমন: একটা ঝর্ণার পাশে দাঁড়িয়ে ফটো তুলেছেন। এখন ছবিতে পানি স্থির হয়ে আছে। কিন্তু এমন হলে কেমন হয় যদি ঝর্নার পানি কল কল শব্দ করে নিচে নেমে যাচ্ছে এবং আশে পাশে পাখি প্রজাপতি শব্দ করে উড়ছে! এরকমভাবেই প্রাণহীন ছবিকে জীবন্ত করে তুলবে এই সফটঅয়্যার। মানে কল কল শব্দে পানির নড়াচড়া সাথে পাখি, প্রজাপতি, হরিণ এমনকি বৃষ্টিপাত, তুষারপাত ইত্যাদি যোগ করে ছবিতে প্রাণসঞ্চার করতে পারবেন। সফটঅয়্যারটি ডাউনলোড ঠিকানা: www.snapfiles.com/get/natureillusion.html

যেভাবে সফটঅয়্যার দিয়ে কাজ করবেন:

প্রথমে create new project-এ click করে আপনার ফটো Load Image থেকে select করে দিন। এখন Water mask থেকে সিরিয়ালে পেন্সিলের মাধ্যমে ছবির পানির অংশগুলো দেখিয়ে দিন, মানে যেখানে পানি চলাচল করবে তা select করে দিন। select করতে মাউসের left button চেপে রাখুন আর মুছতে right button দিয়ে কাজ করুন।

ছবিতে বৃষ্টি বা তুষারপাত যোগ করতে চাইলে Weather থেকে select করে দিন।

ছবিতে পাখি, প্রজাপতি ইত্যাদি দিতে Object থেকে Add Object এ click করুন। এখান থেকে পছন্দমত Object যোগ করে দিন। ঝর্ণার পানির শব্দ, পাখির ডাক ইত্যাদি দিতে Sound থেকে Add করে দিন। আপনার ছবিকে কতটুকু জীবন্ত করতে পারলেন তা দেখতে Preview তে click করুন।

ছবিকে বিভিন্ন ফরম্যাটে বানাতে পারবেন। যেমন: * Exe. * Screensaver. * Avi. * Gif. Build Screensaver থেকে Screensaver বানাতে পারবেন।

ইনপেইন্ট: ছবি থেকে মুছে ফেলুন অপ্রয়োজনীয় অংশ

আমরা অনেকেই অনেক রকম ছবি তুলি। সুন্দর একটা ছবি তোলা হল কিন্তু ছবিটার কিছু অংশ না থাকলে আরো সুন্দর লাগত। এরকম অনেক ছবিতেই হয়। তাই যে সফটঅয়্যারটির মাধ্যমে ছবির অপ্রয়োজনীয় অংশ মুছতে পারবেন, সেটি হচ্ছে InPaint 2.3। এটি ব্যবহার করা খুব সহজ। ডাউনলোড ঠিকানা:



http://download.cnet.com/Inpaint/3000-2191_4-10765498.html

সফটঅয়্যারটি Free version না, তবে Full version করতে প্রথমে Setup.exe ফাইলটি install করুন। তারপর Activate.exe নামের ফাইলটি Run করেন। এবার নিচের ছবির মত স্থানে click করুন।

যেভাবে সফটঅয়্যারটি দিয়ে কাজ করবেন: প্রথমে একটি ছবি open করেন। এখন ছবিটির যে অংশটুকু মুছতে চান তা মাউস দিয়ে click করে করে ঠিক করে দিন। এরপর উপরে Run বাটনে click করে কয়েক সেকেন্ড অপেক্ষা করুন। তারপর দেখুন মজা।

ইমেজ রিসাইজার: দ্রুত ছবি বা ইমেজ রিসাইজ করুন

আমরা অনেক সময় ইন্টারনেটে ছবি আপলোড করে থাকি। আবার ইমেইলে অ্যাটাচ করে পাঠাই বা মেসেঞ্জারে সেন্ড করি। তবে সেক্ষেত্রে ছবির সাইজ অনেক বড় হলে থাকলে আপলোড বা পাঠাতে গেলে একটু বেশি সময় লাগে। তাছাড়া বেশি বড় সাইজের ছবি আপলোড করার প্রয়োজনও হয় না।

বিশেষ করে অনেক উন্নতমানের ডিজিটাল ক্যামেরা দিয়ে তোলা ফটোগুলোর সাইজ অনেক বড় হয় এবং জায়গাও অনেক বেশি নেয়। তো এত বড় সাইজটাকে যদি একটু কমিয়ে আনা যায় তা হলে জায়গাটাও অনেক কমে যাবে তাতে ইমেজ কোয়ালিটি খুব একটা চোখে পড়ার মত খারাপ হবে না। আর এক্ষেত্রে দারুণ একটি সফটঅয়্যার হচ্ছে Image Resizer। এটি মাত্র ৫২০ কিলোবাইটের মত জায়গা নেবে।

ডাউনলোড ঠিকানা: http://download.cnet.com/Free-Picture-Resize-Starter/3000-12511_4-10297789.html

সফটঅয়্যারটির ব্যবহার:

যে ছবি রিসাইজ করবেন সেটির উপর মাউস দিয়ে রাইট বাটন ক্লিক করুন।

একটি মেন্যু দেখাবে। সেখান থেকে Resize Pictures অপশন-এ ক্লিক করুন।



এবার ওপরের ছবির মত একটি বক্স দেখাবে। ওখান থেকে যে কোনো একটি সাইজ সিলেক্ট করতে হবে। তারপর Ok-তে ক্লিক করলেই আগে যে ইমেজটা ছিল তার পাশেই অপেক্ষাকৃত ছোট আকারের আরেকটি একটি ইমেজ তৈরি হয়ে যাবে। এখানে ডিফল্ট হিসাবে ৪টি অপশন দেওয়া আছে, আপনি চাইলে ইচ্ছামত সাইজও করতে পারেন। Advaned-এ ক্লিক করে Custom এর অধীনে আপনার প্রয়োজনীয় সাইজটি নির্ধারণ করে দিয়ে Ok তে ক্লিক করুন। তা হলে উক্ত আকার অনুযায়ী ইমেজটি রিসাইজ হয়ে যাবে।

ফটো আর্ট স্টুডিও: সহজেই ছবি এডিট করুন

ছবিকে খুব সহজে আকর্ষণীয় করার অসাধারণ একটি সফটঅয়্যার হচ্ছে Photo Art Studio। এর মাধ্যমে নানা রকমের ইফেক্ট যোগ করা যায়। ছবিকে ইচ্ছেমত রিসাইজও করতে পারা যাবে।

সফটঅয়্যারটি ব্যবহার না করলে বোঝা মুশকিল এটির সাহায্যে কত আকর্ষণীয় করা যায় ছবিকে।

ডাউনলোড ঠিকানা: http://download.cnet.com/Photo-Art-Studio/3000-2192_4-10893178.html

ভার্চুয়াল হেয়ারস্টাইল ফ্যাব ২.০: বিউটি পার্লার এখন আপনার কম্পিউটারে

বিউটি পার্লার আবার কম্পিউটারে হয় কি করে? এটাই সত্যি। আপনি ইচ্ছে করলে খুব সহজেই একটা সফটঅয়্যারের মাধ্যমে আপনার ছবিতে পার্লারের বিভিন্ন style যোগ করতে পারবেন। সফটঅয়্যারটি বিশেষ করে মেয়েদের কাজে লাগবে। তবে ছেলেদেরও নিরাশ হওয়ার কিছু নাই। এই সুযোগে আপনারাও কিছু মেক আপ করে নিতে পারবেন।



সফটঅয়্যারটির মাধ্যমে খুব সহজেই আপনার ছবিতে ঠোঁট, ভ্রু ইত্যাদি সুন্দর করতে পারবেন। এছাড়া পছন্দমত বিভিন্ন স্টাইলের চুল, চশমা, কানের দুল, গয়না, মাথার ক্যাপ, পোশাক এমনকি জুতাসহ সব কিছু যোগ করতে পারবেন। এটি ব্যবহার করা খুব সহজ। সব মেক আপ করার পর ছবিটিতে click করে save করতে পারবেন। মাত্র ১৯ মেগাবাইটের এই সফটঅয়্যারটির ডাউনলোড ঠিকানা: http://www.brothersoft.com/virtual.hairstyle-fab-185106.html ■